অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নন-ডিপোজিটরি মর্টগেজ ঋণদাতাদের জন্য নিউ ইয়র্ক কমিউনিটি পুনর্বিনিয়োগ আইন সম্প্রসারণ করতে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

গভর্নর ক্যাথি হোকল আজ নন-ডিপোজিটরি ঋণদাতাদের নিউ ইয়র্ক কমিউনিটি পুনর্বিনিয়োগ আইনের (CRA) আওতায় আনার জন্য আইনটি সম্প্রসারণ করার মাধ্যমে ক্রেডিটের সমান অ্যাক্সেস নিশ্চিত করতে আইন (S.5246-A/A.6247-A) স্বাক্ষর করেছেন।

1978 সালে যখন CRA প্রণীত হয়েছিল, তখন বেশিরভাগ মর্টগেজ ব্যাংকের কাছ থেকে এসেছিল। 2008 সালের অর্থনৈতিক সংকটের পর থেকে, নন-ডিপোজিটরি ঋণদাতারা বাজারে তাদের শেয়ার নাটকীয়ভাবে বৃদ্ধি করেছে, এবং এখন নিউ ইয়র্ক স্টেটে ও জাতীয় পর্যায়ে ব্যাংক-বহির্ভুত প্রতিষ্ঠানগুলো বেশিরভাগ মর্টগেজের জন্য দায়ী।

"নিউ ইয়র্ক কমিউনিটি পুনর্বিনিয়োগ আইনের এই সম্প্রসারণ সব নিউ ইয়র্কবাসীর বাড়ির মালিক হওয়ার সুযোগ নিশ্চিত করতে এই স্টেটের অঙ্গীকারকে আরো জোরদার করবে," **বলেছেন গভর্নর হোকল।** "এই আইন প্রত্যেকের জন্য বাড়ি ক্রয়ের ক্ষেত্রে ঋণগ্রহণের বিকল্পগুলোর ন্যায্য ও সমান অ্যাক্সেস নিশ্চিত করবে, বিশেষ করে অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোতে যাদের মহামারীর প্রভাবের ফলে ক্ষতিগ্রস্ত হওয়া অব্যাহত রয়েছে এবং যারা ঐতিহাসিকভাবে মর্টগেজ নেয়ার ক্ষেত্রে অনেক বেশি প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন।"

আর্থিক পরিষেবার (Financial Services) ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট অ্যাড্রিন এ. হ্যারিস বলেন, "নন-ডিপোজিটরি ঋণদাতাদের আওতাভুক্ত করার জন্য নিউ ইয়র্কের CRA-এর সম্প্রসারণ নিজেদের বাড়ির জন্য অর্থায়নের উদ্দেশ্যে এসব ঋণদাতাদের উপর নির্ভরশীল গ্রাহকদের জন্য একটি বিজয়। এই আইন ঋণগ্রহীতাদের জন্য মর্টগেজ অর্থায়নের সমান অ্যাক্সেস নিশ্চিত করছে এবং বাড়ির মালিক হওয়ার আমেরিকান স্বপ্ন অর্জন করতে সমাধানের অংশ হয়ে উঠতে তাদের জন্য একটি সুচিন্তিত কাঠামো প্রদান করছে। নিউ ইয়র্ক CRA-এর আধুনিকায়নের জন্য আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভাকে ধন্যবাদ জানাই।"

2021 সালের ফেব্রুয়ারি মাসে, আর্থিক পরিষেবা বিভাগ বাফেলো মেট্রো এলাকায় সম্ভাব্য রেডলাইনিং-এর বিষয়ে এর তদন্ত সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করে এবং এতে দেখা যায় যে নিউ ইয়র্ক CRA, ব্যাংকিং আইন § 28-b এর আওতাভুক্ত না থাকা নন-ব্যাংক মর্টগেজ ঋণদাতারা তাদের সমগ্র কমিউনিটির সেবা করতে ব্যর্থ হচ্ছে। CRA হলো আওতাভুক্ত

সংস্থাগুলোকে তাদের সমগ্র কমিউনিটির ক্রেডিট চাহিদা পূরণের জন্য, যেমন তাদের ঋণপ্রদানের ক্রিয়াকলাপ সম্পর্কে বিভাগের মূল্যায়নের মাধ্যমে, উৎসাহিত করার উদ্দেশ্য নিয়ে তৈরি করা একটি আইন।

DFS-এর তদন্তে প্রকাশ পায় যে নির্দিষ্ট কিছু ঋণদাতার স্থানীয় অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর সাথে প্রায় কোনো সম্পৃক্ততা নেই বললেই চলে এবং সেসব কমিউনিটিকে সম্পৃক্ত করার জন্য তারা যথেষ্ট প্রচেষ্টা গ্রহণ করেনি। DFS সংখ্যালঘু ঋণগ্রহীতাদের উদ্দেশ্য করে বিপণনের অতি সামান্য প্রচেষ্টা অথবা প্রচেষ্টার অনুপস্থিতি দেখতে পেয়েছে এবং মেট্রো এলাকার মধ্যে সংখ্যালঘুদের অধিকাংশ মহল্লায় সেবা পৌঁছে দেয়ার জন্য কোনো প্রচেষ্টা গ্রহণ করা হয়নি। DFS আরো জানতে পেরেছে যে ঋণদাতারা সংখ্যালঘু কমিউনিটিগুলোকে কতটা ভালোভাবে সেবা দিচ্ছেন তার ট্র্যাক রাখার জন্য প্রায় কোনো চেষ্টাই করেনি।

অশ্বেতাঙ্গ ও নিম্ন- ও মাঝারি-আয়ের কমিউনিটিগুলো বঞ্চিতই থেকে গেছে। স্টেট CRA-এর এই হালনাগাদ মর্টগেজ বাজারের বৃহৎ অংশগ্রহণকারীদেরকে বাড়ি কিনতে চাওয়া যেকোনো নিউ ইয়র্কবাসীকে আরো ভালোভাবে সেবা দিতে উৎসাহিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "মহামারীর ফলে অর্থনৈতিক অসমতার অবস্থার অবনতি ঘটার ফলে আমাদেরকে অবশ্যই আমাদের স্থানীয় কমিউনিটিগুলোতে, বিশেষ করে যেসব কমিউনিটির বড় একটি অংশ অশ্বেতাঙ্গ ব্যক্তিদের নিয়ে গঠিত সেসব কমিউনিটিতে বিনিয়োগ করা অব্যাহত রাখতে হবে। আমাদের অধিকারবঞ্চিত অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর কাছে বাড়ির মালিক হওয়ার অ্যাক্সেস সম্প্রসারণ করার মাধ্যমে আরো বেশি শক্তিশালী, অধিকতর ন্যায্য একটি অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তুলতে এই আইন তৈরি করা হয়েছে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "বাফেলো সিটিতে এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটজুড়ে রেডলাইনিং এর মাধ্যমে, যেটি সংস্থাগত বর্ণবাদের সমতুল্য, অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোকে কয়েক দশক ধরে অন্যায়ভাবে টার্গেট বানিয়ে আসছে। এই আইনের উদ্দেশ্য হলো ঋণদাতা সংস্থাগুলোর জবাবদিহিতার ব্যবস্থা করা এবং তারা যেখানে ব্যবসা পরিচালনা করছে সেখানে তারা যাতে সত্যিকার অর্থেই কমিউনিটির সেবা করে তা নিশ্চিত করা। অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা পিপলস-স্টোকস এর সাথে একসঙ্গে গত সেশনে এই আইন উত্থাপন করতে পেরে ও ত্বরান্বিত করতে পেরে আমি গর্বিত, এবং এটিকেদ্রুত স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসোসিয়েশন ফর নেইবারহুড এন্ড হাউজিং ডেভেলপমেন্ট (Association for Neighborhood and Housing Development, ANHD)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর বারিকা উইলিয়ামস বলেন, "কমিউনিটি পুনর্বিনিয়োগ আইন (CRA) অনেক আগে থেকেই রেডলাইনিং ও বিনিয়োগহীনতার শিকার হতে থাকা নিম্ন- ও মধ্যম-আয়ের কমিউনিটি এবং অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোতে সেবা পৌঁছে দেয়া ও পুনর্বিনিয়োগের জন্য ব্যাংকগুলোকে দায়বদ্ধ করার জন্য আমাদের কাছে থাকা আইনগুলোর মধ্যে একটি হিসেবে বিদ্যমান রয়েছে। এখন আমাদের কমিউনিটিগুলোর জন্য প্রয়োজনীয় দায়িত্বপূর্ণ ক্রেডিট ও আর্থিক সংস্থানের

অ্যাক্সেস বৃদ্ধির উদ্দেশ্যে CRA-কে সম্প্রসারণ করে নন-ব্যাংক মর্টগেজ ঋণদাতাদের এটির আওতাভুক্ত করায় ANHD গভর্নর হোকলকে ও নিউ ইয়র্ক স্টেটের আইনসভাকে ধন্যবাদ জানাচ্ছে।"

নেহা এম. কারামবেলকার, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ল সেন্টার (Western New York Law Center) বলেন, "এই আইন নিউ ইয়র্কবাসীদের জন্য, সুনির্দিষ্টভাবে সুবিধাবঞ্চিত অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর জন্য, তাদের বাড়ির মালিক হওয়ার সুযোগ পাওয়া এবং আর্থিক পণ্যগুলোর সমান অ্যাক্সেস নিশ্চিত করতে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। সংখ্যালঘু এবং নিম্ন- ও মধ্যম-আয়ের কমিউনিটিগুলোর জন্য CRA-এর কার্যকারিতা নিশ্চিত করতে এটি গভর্নর ও নিউ ইয়র্ক স্টেটের আইনসভার জন্য একটি গুরুত্বপূর্ণ অর্জন।"

নায়াগ্রা কমিউনিটি রিইনভেস্টমেন্ট কোয়ালিশন (Niagara Community Reinvestment Coalition)-এর সভাপতি, ক্যাথরিন ফ্র্যাংকো, বলেন, "অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করা এবং এটিতে অনিশ্চয়তা যোগ করা একটি বৈশ্বিক মহামারী থেকে সেরে উঠার জন্য আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে, অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর জন্য ক্রেডিট অ্যাক্সেস করার সম্প্রসারিত সুযোগ থাকার বিষয়টি নিশ্চিত করা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। নন-ডিপোজিটরি মর্টগেজ ঋণদাতাদের আওতাভুক্ত করার জন্য নিউ ইয়র্ক CRA-এর সম্প্রসারণ বাড়ির মালিক হতে চাওয়া ব্যক্তিদের জন্য ক্রেডিটের অ্যাক্সেস আরো বৃদ্ধি করবে এবং নিগ্রহ বা শোষণমূলক প্রচলন থেকে কমিউনিটির সুরক্ষা আরো বেশি নিশ্চিত করতে আবশ্যক নিয়ন্ত্রণমূলক বিধান প্রদান করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন